স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ইউনেস্কো’র হিসাব অনুযায়ী কোভিড-১৯ মহামারীর কারণে সারাবিশ্বে ১.৩৭ বিলিয়ন শিক্ষার্থীর স্বাভাবিক শিক্ষাকার্যক্রম ব্যাহত হয়েছে। সামাজিক দূরত্ব রক্ষার জন্য প্রথাগত শিক্ষাদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় নিউ নরমাল পরিস্থিতিতে ই-লার্নিং নতুন সম্ভাবনা নিয়ে আবির্ভূত হয়েছে এবং ই-লার্নিং কে আমাদের শিক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য জাতীয় শিক্ষা নীতিতে ‘ই-লার্নিং পলিসি’ অন্তর্ভুক্তকরণ, সারাদেশে নির্ভরযোগ্য হাই স্পিড ইন্টারনেট নিশ্চিত করতে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, ইন্টারনেট ব্যবহারের ওপর ভ্যাট ও ট্যাক্স হ্রাসকরণ, ই-লার্নিংয়ের বিকাশের সঙ্গে যুক্ত স্টার্টআপগুলোকে বিশেষ প্রণোদনা দেয়া এবং ব্যাংক অর্থায়নের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি। অবকাঠামো ও ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে পিছিয়ে রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো’র তথ্য অনুযায়ী, বাংলাদেশের মাত্র ৩৭.৬ শতাংশ হাউসহোল্ডের ইন্টারনেট সংযোগ রয়েছে এবং ৫.৬ শতাংশ হাউজহোল্ডের কম্পিউটার রয়েছে, এছাড়াও মোবাইল ডেটা প্যাকেজের উচ্চ মূল্য প্রান্তিক জনগণের ইন্টারনেট সংযোগ প্রাপ্তির ক্ষেত্রে একটি বড় বাধা। শিল্পখাতের চাহিদা অনুযায়ী তরুণ জনগোষ্ঠীকে প্রস্তুত করতে কারিগরি শিক্ষায় আরও বেশি হারে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অর্গানাইজেশন ফর ইকোনোমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্টের ভুক্ত দেশগুলোতে কারিগরি শিক্ষায় গড় অংশগ্রহণের হার ৪৫ শতাংশের উপরে, সেখানে বাংলাদেশে ১৫ শতাংশেরও কম। এমতাবস্থায় কারিগরি শিক্ষায় অংশগ্রহণ এবং আগ্রহ বৃদ্ধি করতে একে সহজলভ্য করা প্রয়োজন। এ ক্ষেত্রে ই-লার্নিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের ‘ইউনির্ভাসিটি অব সারে’-এর উপ-উপাচার্য প্রফেসর ওসামা খান। মূল প্রবন্ধে তিনি বলেন, ই-লার্নিং এর ক্ষেত্রে সেবা প্রদানের জন্য ইন্টারনেটের পাশাপাশি রেডিও, টেলিভিশন, মোবাইল ও পোস্টাল সার্ভিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, যেখানে এক্ষেত্রে পাঠ্যসূচির গুণগতমান নিশ্চিত করা এবং এ ধরনের শিক্ষা কার্যক্রমে শিক্ষক ও শিক্ষার্থীর কার্যকর মিথস্ক্রিয়া অতীব জরুরি। এজন্য ভার্চুয়াল লার্নিং ইনভায়রনমেন্ট খুবই জরুরি। কি শিখানো হবে এবং কিভাবে শিখানো হবে সেটা যথাযথভবে নির্ধারণ করা গেলে তা যথার্থ হবে।

নির্ধারিত আলোচনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর রশিদ বলেন, আমাদের শিক্ষা কার্যক্রমে ই-লার্নিং পদ্ধতি অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখতে পারে এবং কোভিড মাহামারী আমাদের জন্য একটি সুযোগ এনে দিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে দেশব্যাপী ২৬০টি কলেজে স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমান অবস্থা মোকাবিলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৬০০০০ শিক্ষকের মধ্যে নির্বাচিত ১৫০০ জন শিক্ষকের মাধ্যমে অনলাইনে ১৭ হাজার ৫০০টি লেকচার প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হবে। শিল্পখাতের চাহিদা মোতাবেক খুব শীঘ্রই ৯টি কলেজে ‘ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট’ কোর্স পরিচালনা করা হবে।

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি বাংলাদেশের উপাচার্য প্রফেসর ড. কারম্যান জেড লামাংনা বলেন, দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ ই-লার্নিং প্রদানের জন্য অবকাঠামো দিক দিয়ে সরকারি বিশ্ববিদ্যালয়ের চেয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো কিছুটা এগিয়ে রয়েছে। তিনি এ বিষয়ে দীর্ঘমেয়াদি নীতিমালা প্রণয়নের ওপর জোরারোপ করেন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা জানান, শিল্পখাতের চাহিদা মোতাবেক শিক্ষা কারিক্যুলাম প্রণয়ন করতে হবে এবং কোভিড পরবর্তী সময়ে কিভাবে ই-লার্নিং কার্যক্রম পরিচালিত হবে সে বিষয়ে এখনই প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়নে উদ্যোগী হতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি’র ইলেকট্রিকাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ বলেন, ই-লার্নিং কার্যক্রমের ক্ষেত্রে শিক্ষার্থী ও শিক্ষকদের মিথস্ক্রিয়া খুবই জরুরি এবং এক্ষেত্রে শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরও বেশি হারে দক্ষতা উন্নয়ন একান্ত আবশ্যক। ২০১০ সালে প্রণীত শিক্ষানীতিতে ‘ই-লার্নিং’ আরও বেশি হারে সম্পৃক্ত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ওপর তিনি জোরারোপ করেন।

নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম বলেন, শিক্ষা ব্যবস্থায় প্রতিনিয়ত পরিবর্তন হচেছ এবং আমাদের এ পরিবর্তনকে উপেক্ষা না করে বরং তার সাথে মানিয়ে নেয়ার মানসিকতা তৈরি করতে হবে। এছাড়াও তিনি আগামী ২০-৩০ বছর পর শিক্ষা ব্যবস্থায় কি ধরনের পরিবর্তন আসবে তা মানিয়ে নেয়ার জন্য এখনই যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন ও তার দ্রুত বাস্তাবায়নের আহ্বান জানান। মুক্ত আলোচনায় ঢাকা চেম্বারের সাবেক সহ-সভাপতি এম আবু হোরায়রাহ, রিয়াদ হোসেন এবং ডিবিআই-এর প্রশিক্ষক শংকর রায় অংশগ্রহণ করেন।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ

### ডিসিসিআই'র ওয়েবিনারে বক্তারা

# শিক্ষানীতিতে 'ই-লার্নিং' কার্যক্রমে বাড়ানোর গুরুত্বারোপ

**নিজস্ব প্রতিবেদক**

বিশ্বব্যাপী কভিড-১৯ মহামারি বিদ্যমান শিক্ষাব্যবস্থায় 'ই-লার্নিং' পদ্ধতি প্রবর্তনের বিষয়টিকে ব্যাপকভাবে প্রভাবিত করেছে। তবে শিক্ষা কার্যক্রমে এ ব্যবস্থা আরও কার্যকরভাবে চালুর জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, পাঠ্যক্রমের বিষয়বস্তুর যুগোপযোগীকরণ, স্বল্পমূল্যে ইন্টারনেট সেবা প্রদানসহ সর্বোপরি আমাদের শিক্ষানীতিতে 'ই-লার্নিং' ব্যবস্থাকে আরও প্রধান্য দেওয়ার আহ্বান জানান বক্তারা।

গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ই-লার্নিং' শীর্ষক এক ওয়েবিনারে তারা এসব মতামত দেন। ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ড. দীপু মনি।

ওয়েবিনারে আলোচক ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটির উপাচার্য অধ্যাপক কারম্যান জেড লামাংনা, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটির ইইই বিভাগের অধ্যাপক খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, কভিড মাহমারি একটি বৈশ্বিক সংকট, যেটি আমাদের শিক্ষাব্যবস্থায় মারাত্মক ব্যাহত হয়েছে এবং এ মহামারি শিক্ষা ব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম ব্যবহারের বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত উন্মোচিত করেছে।

তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের বর্তমান সময়ে 'ই-লার্নিং' অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরও ব্যাপকভাবে ব্যবহৃত হবে।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষ নানা প্রতিকূলতার মধ্যে দিয়ে এ পার্যায়ে এসে পৌঁছেছে এবং মহামারি মোকাবিলায় এদেশের মানুষ সাহসিকতার পরিচয় দেবে। তিনি জানান, এদেশের মানুষ প্রযুক্তিবান্ধব, যার কারণে বিশেষ করে শিক্ষা কার্যক্রমে ই-লার্নিংয়ের ব্যবহার বৃদ্ধিতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে না।

মন্ত্রী বলেন, বর্তমান শিক্ষানীতি-২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, সামনের দিনগুলোতে ক্লাসরুমে সরাসরি শিক্ষাদান কার্যক্রম পরিচালনার পাশাপাশি অনলাইনের মাধ্যমে 'ই-লার্নিং' কার্যক্রম চালু রাখতে হবে এবং শিক্ষার্থীদের নতুন নতুন বিষয়ে দক্ষতা উন্নয়নে 'ই-লার্নিং' কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ইউনেস্কো'র হিসাব অনুযায়ী, কভিড-১৯ মহামারির কারণে সারা বিশ্বে ১.৩৭ বিলিয়ন শিক্ষার্থীর স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। তিনি বলেন, সামাজিক দূরত্ব রক্ষার জন্য প্রথাগত শিক্ষাদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় নিউ নরমাল পরিস্থিতিতে 'ই-লার্নিং' নতুন সম্ভাবনা নিয়ে আবির্ভূত হয়েছে।

তিনি বলেন, আমাদের শিক্ষাব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য জাতীয় শিক্ষা নীতিতে 'ই-লানিং পলিসি' অন্তর্ভুক্তকরণ, সারা দেশে নির্ভরযোগ্য হাইস্পিড ইন্টারনেট নিশ্চিত করতে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, ইন্টারনেট ব্যবহারের ওপর ভ্যাট ও ট্যাক্স হ্রাসকরণ, ই-লার্নিংয়ের বিকাশের সঙ্গে যুক্ত স্টার্টআপগুলোকে বিশেষ প্রণোদনা দেওয়া এবং ব্যাংক অর্থায়নের সুযোগ সৃষ্টি করা জরুরি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের 'ইউনির্ভাসিটি অব সারে'-এর উপ-উপাচার্য প্রফেসর ওসামা খান। তিনি বলেন, ই-লার্নিংয়ের ক্ষেত্রে সেবা প্রদানের জন্য ইন্টারনেটের পাশাপাশি রেডিও, টেলিভিশন, মোবাইল ও পোস্টাল সার্ভিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এক্ষেত্রে পাঠ্যসূচির গুণগতমান নিশ্চিত করা এবং এ ধরনের শিক্ষা কার্যক্রমে শিক্ষক ও শিক্ষার্থীর কার্যকর মিথস্ক্রিয়া জরুরি। তিনি বলেন, এ জন্য ভার্চুয়াল লার্নিং ইনভায়রনমেন্ট খুবই জরুরি।

উপাচার্য অধ্যাপক হারুন-উর রশিদ বলেন, আমাদের শিক্ষা কার্যক্রমে ই-লার্নিং পদ্ধতি কার্যকরী ভূমিকা রাখতে পারে এবং কভিড মহামারি আমাদের জন্য একটি সুযোগ এনে দিয়েছে। তিনি জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে দেশব্যাপী ২৬০টি কলেজে স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন

# শিক্ষাঋণ চালুর কথা ভাবছে সরকার : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

সরকার শিক্ষার্থীদের জন্য শিক্ষাঋণ চালু করার কথা ভাবছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, শিক্ষার্থীদের সহজে শিক্ষা চালিয়ে নিতে শিক্ষাঋণ দেওয়া যেতে পারে। আমরা এখন থেকে শিক্ষাঋণ দেওয়ার কথা ভাবছি। কীভাবে শিক্ষার্থীদের সক্ষম করে তুলব, যেখানে যতটুকু প্রয়োজন আছে সেটা যেন তারা মেটাতে পারে। এসব বিষয় নিয়ে আমরা কাজ করছি। কোনোভাবেই যেন শিক্ষার্থীরা বৈষম্যের শিকার না হয়।



শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'করোনাকালে ই-লার্নিং' শীর্ষক অনলাইন আলোচনায় তিনি এ কথা জানান।

'ই-লার্নিং' ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের 'ইউনিভার্সিটি অব সারে'র উপউপাচার্য অধ্যাপক ওসামা খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। এ সময় আরও বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ।

বক্তব্যে শিক্ষামন্ত্রী ড. দীপু মনি বলেন, কোভিড মহামারি একটি বৈশ্বিক সঙ্কট, যেটি আমাদের শিক্ষাব্যবস্থাকেও একধরনের সঙ্কটে ফেলেছে। প্রতিটি সঙ্কটই সম্ভাবনার নতুন দিক উন্মোচন করে। মহামারিকালে শিক্ষাব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম ব্যবহার বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত উন্মোচিত করেছে। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের বর্তমান সময়ে 'ই-লার্নিং' অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরও ব্যাপকভাবে ব্যবহৃত হবে।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ইউনেস্কোর হিসাব অনুযায়ী কোভিড-১৯ মহামারির কারণে সারাবিশ্বে ১৩৭ কোটি শিক্ষার্থীর স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। সামাজিক দূরত্ব রক্ষার জন্য প্রথাগত শিক্ষাদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় নিউ নরমাল পরিস্থিতিতে ই-লার্নিং নতুন সম্ভাবনা নিয়ে আবির্ভূত হয়েছে। ই-লার্নিং আমাদের শিক্ষাব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য জাতীয় শিক্ষানীতিতে বিশেষ প্রণোদনা দেওয়া এবং ব্যাংক অর্থায়নের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি।

মূল প্রবন্ধে যুক্তরাজ্যের 'ইউনিভার্সিটি অব সারে'-এর উপউপাচার্য প্রফেসর ওসামা খান বলেন, ই-লার্নিংয়ের ক্ষেত্রে সেবা প্রদানের জন্য ইন্টারনেটের পাশাপাশি রেডিও, টেলিভিশন, মোবাইল ও পোস্টাল সার্ভিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, যেখানে এক্ষেত্রে পাঠ্যসূচির গুণগতমান নিশ্চিত করা এবং এ ধরনের শিক্ষা কার্যক্রমে শিক্ষক ও শিক্ষার্থীর কার্যকর মিথস্ক্রিয়া অতীব জরুরি। তিনি বলেন, এজন্য ভার্চুয়াল লার্নিং ইনভায়রনমেন্ট খুবই জরুরি।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ বলেন, আমাদের শিক্ষা কার্যক্রমে ই-লার্নিং পদ্ধতি অত্যন্ত কার্যকর ভূমিকা রাখতে পারে এবং কোভিড মহামারি আমাদের জন্য একটি সুযোগ এনে দিয়েছে। বর্তমান অবস্থা মোকাবিলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৬০ হাজার শিক্ষকের মধ্যে নির্বাচিত ১ হাজার ৫শ' জন শিক্ষকের মাধ্যমে অনলাইনে ১৭ হাজার ৫০০টি লেকচার প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হবে।

নয়া দিগন্ত

ডিসিসিআইর সেমিনারে শিক্ষামন্ত্রী

# ই-লার্নিংয়ের নতুন দিগন্ত খুলে দিয়েছে করোনার সঙ্কট

- নিজস্ব প্রতিবেদক

করোনার এই সঙ্কটের সময় শিক্ষাক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে বলে মনে করেন শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি। তিনি বলেছেন, বর্তমান এই সঙ্কটের সময়ে বিশ্বব্যাপী ই-লার্নিংয়ের কার্যক্রমে নতুন দিগন্ত খুলে দিয়েছে। গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ই-লার্নিং' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী ড. দীপু মনি আরো বলেন, কোভিড-১৯ আমাদের শিক্ষা ব্যবস্থাকেও এক ধরনের সঙ্কটে ফেলেছে। তবে এ কথা স্বীকার করতেই হবে যে প্রতিটি সঙ্কটই সম্ভাবনার ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

নতুন দিক উন্মোচন করে। করোনা মহামারী শিক্ষা ব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত খুলে দিয়েছে। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের বর্তমান সময়ে 'ই-লার্নিং' অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরো ব্যাপকভাবে ব্যবহৃত হবে। তিনি বলেন, আমাদের বর্তমান শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সে টাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগও নেয়া হয়েছে। শিক্ষানীতিতে ই-লার্নিংকে আরো বেশি গুরুত্ব দেয়া হবে।

মন্ত্রী আরো জানান, এ দেশের মানুষ অত্যন্ত প্রযুক্তিবান্ধব, যার কারণে বিশেষ করে শিক্ষাকার্যক্রমে ই-লার্নিংয়ের ব্যবহার বৃদ্ধিতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে না। তিনি বলেন, সামনের দিনগুলোতে ক্লাস রুমে সরাসরি শিক্ষাদান কার্যক্রম পরিচালনার পাশাপাশি অনলাইনের মাধ্যমে 'ই-লার্নিং' কার্যক্রম চালু রাখতে হবে এবং শিক্ষার্থীদের নতুন নতুন বিষয়ে দক্ষতা উন্নয়নে 'ই-লার্নিং' কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তিনি জানান, সামনের দিনগুলোতে কী ধরনের দক্ষ লোকবল প্রয়োজন হবে, তার একটি প্রাক নির্বাচনের মাধ্যমে সে অনুযায়ী আমাদের শিক্ষা কার্যক্রম, অবকাঠামো এবং শিক্ষকদের দক্ষতা উন্নয়ন করতে হবে। অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনা আরো সম্প্রসারণে মানসিকতা একটি বড় বাধা বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, মেধাবীদের শিক্ষাক্রমে নিয়ে আসার জন্য এ পেশাটিকে আরো আকর্ষণীয় করে তোলতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরো দক্ষ করে তোলতে হবে। শিক্ষামন্ত্রী বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলোতে আরো বেশি হারে গবেষণা পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। তিনি জানান, বর্তমানে দেশের ১৭ শতাংশ শিক্ষার্থী কারিগরি শিক্ষা কার্যক্রমের আওতায় রয়েছে। তিনি পরীক্ষা এবং সনদ সর্বস্ব শিক্ষার মাধ্যমে প্রকৃত মানুষ গড়ে তোলা সম্ভব নয় বলে মত প্রকাশ করেন এবং শিল্পখাত ও শিক্ষা ব্যবস্থার মধ্যে সমন্বয় আরো বাড়ানো প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন।

ডিসিসিআইর সভাপতি শামস মাহমুদ বলেন, ইউনেস্কোর হিসাব অনুযায়ী কোভিড-১৯ মহামারীর কারণে সারা বিশ্বে ১ দশমিক ৩৭ বিলিয়ন শিক্ষার্থীর স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। ঢাকা চেম্বারের সভাপতি বলেন, সামাজিক দূরত্ব রক্ষার জন্য প্রথাগত শিক্ষাদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় নিউ নরমাল পরিস্থিতিতে ই-লার্নিং নতুন সম্ভাবনা নিয়ে আবির্ভূত হয়েছে এবং ই-লার্নিংকে আমাদের শিক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য জাতীয় শিক্ষা নীতিতে 'ই-লার্নিং পলিসি' অন্তর্ভুক্তকরণ, সারা দেশে নির্ভরযোগ্য হাইস্পিড ইন্টারনেট নিশ্চিত করতে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, ইন্টারনেট ব্যবহারের উপর ভ্যাট ও ট্যাক্স হ্রাসকরণ, ই-লার্নিংয়ের বিকাশে এর সঙ্গে যুক্ত স্টার্টআপগুলোকে বিশেষ প্রণোদনা দেয়া এবং ব্যাংক অর্থায়নের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি।

তিনি জানান, অর্গানাইজেশন ফর ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (OECD)-এর ভুক্ত দেশগুলোতে কারিগরি শিক্ষায় গড় অংশগ্রহণের হার ৪৫ শতাংশের উপরে, সেখানে বাংলাদেশে ১৫ শতাংশেরও কম। এমতাবস্থায় কারিগরি শিক্ষায় অংশগ্রহণ এবং আগ্রহ বৃদ্ধি করতে একে সহজলভ্য করা প্রয়োজন বলে মনে করেন ডিসিসিআই সভাপতি এবং এ ক্ষেত্রে ই-লার্নিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

কালের কণ্ঠ



শিক্ষামন্ত্রী বললেন

# শিক্ষাঋণ চালুর কথা ভাবা হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, 'শিক্ষার্থীদের সহজে শিক্ষা চালিয়ে নিতে শিক্ষাঋণ দেওয়া যেতে পারে। আমি সংসদে বলেছি, প্রধানমন্ত্রী মাথা নেড়ে সম্মতি জানিয়েছেন। আমরা শিক্ষাঋণ দেওয়ার কথা ভাবছি। এসব বিষয় নিয়ে আমরা কাজ করছি। আমরা চাই, কোনোভাবেই যেন শিক্ষার্থীরা বৈষম্যের শিকার না হয়।'

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'করোনাকালে ই-লার্নিং' শীর্ষক অনলাইন আলোচনায় তিনি এ কথা জানান। 'ই-লার্নিং' ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সারের উপ-উপাচার্য অধ্যাপক ওসামা খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদ।

শিক্ষামন্ত্রী বলেন, 'আমাদের বর্তমান শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষানীতিতে ই-লার্নিংকে আরো বেশি গুরুত্ব দেওয়া হবে। সামনের দিনগুলোতে ক্লাসরুমে সরাসরি শিক্ষাদান কার্যক্রম পরিচালনার পাশাপাশি অনলাইনের মাধ্যমে ই-লার্নিং কার্যক্রম চালু রাখতে হবে। শিক্ষার্থীদের নতুন নতুন বিষয়ে দক্ষতা উন্নয়নে ই-লার্নিং কার্যক্রম গুরুত্বপূর্ণ ভমিকা রাখবে।'

তিনি বলেন, মেধাবীদের শিক্ষাক্রমে

▶▶ পৃষ্ঠা ১২ ক. ৫

নিয়ে আসার জন্য শিক্ষকতা পেশাটিকে আরো আকর্ষণীয় করে তুলতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরো দক্ষ করে তুলতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে আরো বেশি হারে গবেষণা পরিচালনা করতে হবে।

আরো বক্তব্য দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোরাদ হোসেন মোল্লা প্রমুখ।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

# শিক্ষানীতিতে যুক্ত হচ্ছে ই- লার্নিং কার্যক্রম

**স্টাফ রিপোর্টার ॥** করোনা মহামারীর প্রেক্ষাপটে শিক্ষানীতিতে যুক্ত হচ্ছে অনলাইন শিক্ষা বা ই-লার্নিং কার্যক্রম। এ তথ্য জানিয়ে শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি বলেছেন, কোভিড মহামারী একটি বৈশ্বিক সঙ্কট। যেটি আমাদের শিক্ষা ব্যবস্থাকে সঙ্কটে ফেলেছে। প্রতিটি সঙ্কটই সম্ভাবনার নতুন দিক উন্মোচন করে। কোভিড-১৯ মহামারী শিক্ষা ব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম ব্যবহার বাড়ানোর নতুন একটি দিগন্ত উন্মোচন করেছে। শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেয়া হয়েছে। শিক্ষানীতিতে ই-লার্নিংকে বেশি গুরুত্ব দেয়া হবে।

শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ই-লার্নিং' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী সরকারের এ পরিকল্পনার কথা তুলে ধরেন। ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের 'ইউনিভার্সিটি অব সারে'র উপউপাচার্য প্রফেসর ওসামা খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। আলোচনায় অংশ নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য প্রফেসর ড. কারমেন জেড লামাগনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোঃ মুরাদ হোসেন

## শিক্ষার্থীদের দেয়া হবে শিক্ষাঋণ ॥ শিক্ষামন্ত্রী

মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিকাল এ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের এ্যাকাউন্টিং এ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

# সরকার শিক্ষা ঋণ চালুর কথা ভাবছে : শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** শিক্ষার্থীদের পড়াশুনা চালিয়ে নিতে সরকার শিক্ষা ঋণ চালু করার কথা ভাবছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, শিক্ষার্থীদের সহজে শিক্ষা চালিয়ে নিতে শিক্ষা ঋণ দেওয়া যেতে পারে। আমি সংসদে বলেছি, প্রধানমন্ত্রী মাথা নেড়ে সম্মতি জানিয়েছেন। আমরা এখন থেকে শিক্ষা ঋণ দেওয়ার কথা ভাবছি। কীভাবে শিক্ষার্থীদের সক্ষম করে তুলব, যেখানে যতটুকু প্রয়োজন আছে সেটা যেন তারা মেটাতে পারেন। এসব বিষয়গুলো নিয়ে আমরা কাজ করছি। কোনোভাবেই যেন শিক্ষার্থীরা বৈষম্যের শিকার না হয়।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'করোনাকালে ই-লার্নিং' শীর্ষক অনলাইন আলোচনায় তিনি এ কথা জানান।

শিক্ষামন্ত্রী বলেন, কোভিড মাহমারী একটি বৈশ্বিক সংকট, যেটি আমাদের শিক্ষা ব্যবস্থাকে ও একধরনের সংকটে ফেলেছে। প্রতিটি সংকটই সম্ভাবনার নতুন দিক উন্মোচন করে। কোভিড নাইনটিন মহামারী শিক্ষা ব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম ব্যাবহর বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত উন্মোচিত করেছে। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের বর্তমান সময়ে 'ই-লার্নিং' অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরো ব্যাপকভাবে ব্যবহৃত হবে।

মন্ত্রী বলেন, আমাদের বর্তমান শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপোযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষানীতিতে ই লার্নিং কে আরো বেশি গুরুত্ব দেয়া হবে।

তিনি আরো জানান, এদেশের মানুষ অত্যন্ত প্রযুক্তি বান্ধব, যার কারণে বিশেষকরে শিক্ষাকার্যক্রমে ই-লার্নিং-এর ব্যবহার বৃদ্ধিতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে না। সামনের দিনগুলোতে ক্লাসরুমে সরাসরি শিক্ষাদান কার্যক্রম পরিচালনার পাশাপাশি অনলাইনের মাধ্যমে 'ই-লার্নিং' কার্যক্রম চালু রাখতে হবে এবং শিক্ষার্থীদের নতুন নতুন বিষয়ে দক্ষতা উন্নয়নে 'ই-লার্নিং' কার্যক্রম গুরুত্বপূর্ণ ভমিকা রাখবে।

এসময় অনুষ্ঠানে আরও অংশ নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি বাংলাদেশ-এর ভিসি প্রফেসর ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি'র ইলেকট্রিকাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ।

দেশ রূপান্তর

## ‘ই-লার্নিং’ শীর্ষক ওয়েবিনার

# দেশে শিল্প খাতের চাহিদাভিত্তিক শিক্ষা কারিকুলাম নেই

নিজস্ব প্রতিবেদক

দেশে শিল্প খাতের চাহিদা মোতাবেক শিক্ষা কারিকুলাম নেই। এটি প্রণয়ন করতে হবে। কভিড-১৯-পরবর্তী সময়ে কীভাবে ই-লার্নিং কার্যক্রম পরিচালিত হবে, সে বিষয়ে এখনই প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়নে উদ্যোগী হতে হবে।

শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘ই-লার্নিং’ শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। এতে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি প্রধান অতিথি হিসেবে যোগ দেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ-এর উপাচার্য প্রফেসর ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ ওয়েবিনারে আলোচক হিসেবে বক্তব্য দেন।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, কভিড মহামারী একটি বৈশ্বিক সংকট, যাতে আমাদের শিক্ষাব্যবস্থা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে এবং এই মহামারী শিক্ষাব্যবস্থায় ‘ই-লার্নিং’ কার্যক্রম ব্যবহার বাড়ানোর জন্য নতুন একটি দীগন্ত উন্মোচিত করেছে। তিনি বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের বর্তমান সময়ে ‘ই-লার্নিং’ অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরও ব্যাপকভাবে ব্যবহৃত হবে। শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষ নানান প্রতিকূলতার মধ্য দিয়ে এই পর্যায়ে এসে পৌঁছেছে। কভিড মহামারী মোকাবিলায় এ দেশের মানুষ সাহসিকতার পরিচয় দেবে। তিনি আরও জানান, এ দেশের মানুষ প্রযুক্তিবান্ধব, যার কারণে, বিশেষ করে শিক্ষা কার্যক্রমে ই-লার্নিংয়ের ব্যবহার বৃদ্ধিতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে না। তিনি বলেন, মেধাবীদের শিক্ষাক্রমে নিয়ে আসার জন্য এ পেশাটিকে আরও আকর্ষণীয় করে তুলতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরও দক্ষ করে তুলতে হবে। বর্তমানে দেশের ১৭ শতাংশ শিক্ষার্থী কারিগরি শিক্ষা কার্যক্রমের আওতায় রয়েছে।

**মেধাবীদের শিক্ষাক্রমে নিয়ে আসার জন্য এ পেশাটিকে আরও আকর্ষণীয় করে তুলতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরও দক্ষ করে তুলতে হবে : শিক্ষামন্ত্রী দীপু মনি**

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ইউনেসকোর হিসাব অনুযায়ী কভিড-১৯ মহামারীর কারণে সারা বিশ্বে ১ দশমিক ৩৭ বিলিয়ন শিক্ষার্থীর স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। সামাজিক দূরত্ব রক্ষার জন্য প্রথাগত শিক্ষাদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় নিউ নরমাল পরিস্থিতিতে ই-লার্নিং নতুন সম্ভাবনা নিয়ে আবির্ভূত হয়েছে। ই-লার্নিংকে আমাদের শিক্ষাব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য জাতীয় শিক্ষানীতিতে ‘ই-লার্নিং পলিসি’ অন্তর্ভুক্তকরণ জরুরি। এ ছাড়া সারা দেশে নির্ভরযোগ্য হাই স্পিড ইন্টারনেট নিশ্চিত করতে প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন, ইন্টারনেট ব্যবহারের ওপর ভ্যাট ও ট্যাক্স হ্রাসকরণ, ই-লার্নিংয়ের বিকাশে এর সঙ্গে যুক্ত স্টার্টআপগুলোকে বিশেষ প্রণোদনা দেওয়া এবং ব্যাংক অর্থায়নের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের ‘ইউনিভার্সিটি অব সারে’-এর উপ-উপাচার্য প্রফেসর ওসামা খান। তিনি বলেন, ই-লার্নিংয়ের ক্ষেত্রে সেবা প্রদানের জন্য ইন্টারনেটের পাশাপাশি রেডিও, টেলিভিশন, মোবাইল ও পোস্টাল সার্ভিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, যেখানে এ ক্ষেত্রে পাঠ্যসূচির গুণগত মান নিশ্চিত করা এবং এ ধরনের শিক্ষা কার্যক্রমে শিক্ষক ও শিক্ষার্থীর কার্যকর মিথস্ক্রিয়া অতীব জরুরি।

অধ্যাপক ড. হারুন-উর রশিদ বলেন, শিক্ষা কার্যক্রমে ই-লার্নিং পদ্ধতি অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখতে পারে। কভিড মহামারী আমাদের জন্য একটি সুযোগ এনে দিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে দেশব্যাপী ২৬০টি কলেজে স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ-এর উপাচার্য প্রফেসর ড. কারম্যান জেড লামাংনা বলেন, দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ই-লার্নিং প্রদানের জন্য অবকাঠামোর দিক দিয়ে সরকারি বিশ্ববিদ্যালয়ের চেয়ে কিছুটা এগিয়ে রয়েছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা জানান, শিল্প খাতের চাহিদা মোতাবেক শিক্ষা কারিকুলাম প্রণয়ন করতে হবে এবং কভিড-পরবর্তী সময়ে কীভাবে ই-লার্নিং কার্যক্রম পরিচালিত হবে সে বিষয়ে এখনই প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়নে উদ্যোগী হতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ বলেন, ই-লার্নিং কার্যক্রমের ক্ষেত্রে শিক্ষার্থী ও শিক্ষকদের মিথস্ক্রিয়া খুবই জরুরি এবং এ ক্ষেত্রে শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরও বেশি হারে দক্ষতা উন্নয়ন একান্ত আবশ্যক।

নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম বলেন, শিক্ষাব্যবস্থায় প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে এবং আমাদের এই পরিবর্তনকে উপেক্ষা না করে বরং তার সঙ্গে মানিয়ে নেওয়ার মানসিকতা তৈরি করতে হবে।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ

ডা. দীপু মনি

# করোনা ই-লার্নিংয়ের নতুন দিগন্ত উন্মোচন করেছে

**কাগজ প্রতিবেদক :** কোভিড মহামারি একটি বৈশ্বিক সংকট, যাতে আমাদের শিক্ষাব্যবস্থা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, এ মহামারি শিক্ষাব্যবস্থায় 'ই-লার্নিং' কার্যক্রম ব্যবহার বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত উন্মোচিত করেছে। চতুর্থ শিল্পবিপ্লবের বর্তমান সময়ে 'ই-লার্নিং' অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোতে এটি আরো ব্যাপকভাবে ব্যবহৃত হবে। এদেশের মানুষ অত্যন্ত প্রযুক্তিবান্ধব, যার কারণে বিশেষ করে শিক্ষা কার্যক্রমে ই-লার্নিং-এর ব্যবহার বাড়াতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে না।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ই-লার্নিং' শীর্ষক এক ওয়েবিনারে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি প্রধান অতিথি হিসেবে এসব কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভারসিটি বাংলাদেশ-এর উপাচার্য প্রফেসর ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান ড. মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভারসিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম ওয়েবিনারে আলোচক ছিলেন।

মন্ত্রী বলেন, আমাদের বর্তমান শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেয়া হয়েছে।

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ

# শিক্ষায় ই-লার্নিংকে আরও গুরুত্ব দেওয়া হবে

## বলেলেন শিক্ষামন্ত্রী

● নিজস্ব প্রতিবেদক

শিক্ষানীতিতে 'ই লার্নিং' পদ্ধতিতে আরও বেশি গুরুত্ব দেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সরকার শিক্ষার্থীদের জন্য শিক্ষা ঋণ চালু করার কথা ভাবছে বলেও জানিয়েছেন তিনি।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) আয়োজিত 'করোনাকালে ই-লার্নিং' শীর্ষক অনলাইন আলোচনায় তিনি এ কথা জানান।

শিক্ষামন্ত্রী বলেন, কোভিড-১৯ আমাদের শিক্ষাব্যবস্থাকে এক ধরনের সংকটে ফেলেছে। প্রতিটি সংকটই সম্ভাবনার নতুন দিক উন্মোচন করে। করোনা মহামারি শিক্ষাব্যবস্থায় ই-লার্নিং কার্যক্রম বাড়ানোর জন্য নতুন একটি দিগন্ত

এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

খুলে দিয়েছে। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের বর্তমান সময়ে ই-লার্নিং অত্যন্ত কার্যকর এবং সামনের দিনগুলোয় এটি আরও ব্যাপকভাবে ব্যবহৃত হবে।

মন্ত্রী বলেন, আমাদের বর্তমান শিক্ষানীতি ২০১০ সালে প্রণয়ন করা হয়েছে, সেটাকে যুগোপযোগীকরণ এবং সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষানীতিতে ই-লার্নিং পদ্ধতিতে আরও বেশি গুরুত্ব দেওয়া হবে।

দীপু মনি জানান, এ দেশের মানুষ অত্যন্ত প্রযুক্তিবান্ধব, যার কারণে বিশেষ করে শিক্ষাকার্যক্রমে ই-লার্নিংয়ের ব্যবহার বৃদ্ধিতে আমাদের জন্য খুব বেশি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে না।

তিনি বলেন, সামনের দিনগুলোয় ক্লাশরুমে সরাসরি শিক্ষাদান কার্যক্রম পরিচালনার পাশাপাশি অনলাইনের মাধ্যমে ই-লার্নিং কার্যক্রম চালু রাখতে হবে এবং শিক্ষার্থীদের নতুন নতুন বিষয়ে দক্ষতা উন্নয়নে ই-লার্নিং কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষ নানান প্রতিকূলতার মধ্যে দিয়ে এ পর্যায়ে এসে পৌঁছেছে এবং কোভিড মহামারি মোকাবিলায় এ দেশের মানুষ সাহসিকতার পরিচয় দেবে।

তিনি জানান, সামনের দিনগুলোয় কী ধরনের দক্ষ লোকবল প্রয়োজন, তার একটি প্রাক-নির্বাচনের মাধ্যমে সে অনুযায়ী আমাদের শিক্ষা কার্যক্রম, অবকাঠামো এবং শিক্ষকদের দক্ষতা উন্নয়ন করতে হবে। অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনা আরও সম্প্রসারণে মানসিকতা একটি বড় বাধা বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

তিনি বলেন, মেধাবীদের শিক্ষাক্রমে নিয়ে আসার জন্য এ পেশাটি আরও আকর্ষণীয় করে তুলতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে আরও দক্ষ করে তোলতে হবে। শিক্ষামন্ত্রী বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলোয় আরও বেশি হারে গবেষণা পরিচালনার ওপর জোরারোপ করেন। তিনি জানান, বর্তমানে দেশের ১৭ শতাংশ শিক্ষার্থী কারিগরি শিক্ষা কার্যক্রমের আওতায় রয়েছে। তিনি পরীক্ষা এবং সনদ সর্বস্ব শিক্ষার মাধ্যমে প্রকৃত মানুষ গড়ে তোলা সম্ভব নয় বলে, মত প্রকাশ করেন এবং শিল্প খাত ও শিক্ষাব্যবস্থার মধ্যে সমন্বয় আরও বাড়ানো প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন।

সরকার শিক্ষার্থীদের জন্য শিক্ষা ঋণ চালু করার কথা ভাবছে বলে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের সহজে শিক্ষা চালিয়ে নিতে শিক্ষা ঋণ দেওয়া যেতে পারে। আমি সংসদে বলেছি, প্রধানমন্ত্রী মাথা নেড়ে সম্মতি জানিয়েছেন। আমরা এখন থেকে শিক্ষা ঋণ দেওয়ার কথা ভাবছি। কীভাবে শিক্ষার্থীদের সক্ষম করে তুলব, যেখানে যতটুকু প্রয়োজন আছে, সেটা যেন তারা মেটাতে পারে। এসব বিষয় নিয়ে আমরা কাজ করছি। কোনোভাবেই যেন শিক্ষার্থীরা বৈষম্যের শিকার না হয়।

ই-লার্নিং ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সারের উপ-উপাচার্য অধ্যাপক ওসামা খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ।

আলোচনায় অংশ নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-উর রশিদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. কারম্যান জেড লামাংনা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মুরাদ হোসেন মোল্লা, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমদ, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইশতিয়াক আজিম প্রমুখ।